



পরিচালকের কার্যালয়

ছাত্র পরামর্শ ও নির্দেশনা

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গোপালগঞ্জ

Web: bsmrstu.edu.bd; e-mail: director.sad@bsmrstu.edu.bd

বোর্ড বৃত্তির আবেদন ও সংশোধন সংক্রান্ত অতি জরুরী বিজ্ঞপ্তি


এই বিশ্ববিদ্যালয়ে ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে স্নাতক সম্মান ১ম বর্ষে ভর্তিকৃত শিক্ষার্থীদের মধ্যে যাদের নাম বোর্ড বৃত্তির (এইচ এস সি/আলিম-২০২৩) তালিকায় আছে তারা সংশ্লিষ্ট বোর্ডের গেজেটের কপি (যে পাতায় শিক্ষার্থীর নাম রয়েছে সেই পাতায় শিক্ষার্থীর নাম চিহ্নিত করে), বোর্ড বৃত্তির আবেদন ফরমের সাথে জমা দিতে হবে।

বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীরা আগামী ১২/১১/২০২৪ তারিখ থেকে ১৭/১১/২০২৪ ইং তারিখ পর্যন্ত বোর্ড বৃত্তির আবেদন করতে পারবে। বৃত্তির আবেদন ফরম যথাযথভাবে পূরণ করার পর অবশ্যই ছাত্র পরামর্শ ও নির্দেশনা দপ্তর, প্রশাসনিক ভবন ১০৬ নম্বর রুমে শিক্ষার্থীর নিজ হাতে জমা দিতে হবে। বৃত্তির ফরম স্ব স্ব বিভাগ অথবা ছাত্র পরামর্শ ও নির্দেশনা দপ্তর থেকে সংগ্রহ করা যাবে। উল্লেখ্য, পূর্ববর্তী শিক্ষাবর্ষের যে সকল শিক্ষার্থী এখনও অনলাইনে বোর্ড বৃত্তির আবেদন করতে পারেননি অথবা ভুলের কারণে বৃত্তির টাকা উত্তোলন করা সম্ভব হয়নি তাদের আগামী ১২/১১/২০২৪ তারিখ থেকে ২০/১১/২০২৪ তারিখের মধ্যে গেজেটের কপি, এবং প্রয়োজনীয় কাগজপত্রসহ (অফিস চলাকালীন সময়ের মধ্যে) ছাত্র পরামর্শ ও নির্দেশনা দপ্তর, প্রশাসনিক ভবন ১০৬ নম্বর রুমে যোগাযোগ করার জন্য বলা হচ্ছে।

শিক্ষার্থীদের বৃত্তির আবেদনের ক্ষেত্রে নিম্নবর্ণিত নির্দেশাবলী অনুসরণীয়ঃ

- ১। বাংলাদেশের অনলাইন সুবিধাসম্পন্ন তফসীলভুক্ত যে কোন ব্যাংকে অবশ্যই শিক্ষার্থীর নিজ নামে ব্যাংক হিসাব থাকতে হবে,
- ২। শিক্ষার্থীর নাম ও অনলাইন ব্যাংক হিসাবের নাম একই হতে হবে,
- ৩। অনলাইন ব্যাংক হিসাব নম্বর অবশ্যই ১৩-১৭ (হাইফেন/ডট ইত্যাদি চিহ্ন ব্যতীত) ডিজিটের মধ্যে হতে হবে এবং সঠিক ও নির্ভুলভাবে পূরণ করতে হবে,
- ৪। শিক্ষার্থীর পরীক্ষার রেজিস্ট্রেশন নম্বর, পরীক্ষার নাম, সন ও প্রাপ্ত জিপিএ সঠিকভাবে পূরণ করতে হবে,
- ৫। বৃত্তির ক্যাটাগরি (মেধা/ সাধারণ) সঠিকভাবে পূরণ করতে হবে,
- ৬। ব্যাংকের নাম শাখার নাম রাউটিং নম্বর এবং শিক্ষার্থীর ব্যাংক হিসাব নম্বর সঠিকভাবে পূরণ করতে হবে,
- ৭। বিকাশ, শিউরক্যাশ, নগদসহ এ ধরনের কোন এজেন্ট ব্যাংকের হিসাব নম্বর প্রদান করা যাবে না,
- ৮। হিসাবটি অবশ্যই বর্তমানে সচল (Active) থাকতে হবে। উল্লেখ্য বৃত্তির টাকা প্রাপ্তির জন্য শিক্ষার্থীর ব্যাংক হিসাব নম্বরটি ব্যাংক সবসময়ের জন্য সচল (Active) রাখতে হবে অন্যথায় বৃত্তির টাকা Bounced Back হওয়ার সম্ভাবনা রয়েছে।

বিঃ দ্রঃ ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক সম্মান ১ম বর্ষে ভর্তিকৃত শিক্ষার্থীদের মধ্যে যারা বোর্ড বৃত্তি পেয়েছেন কেবল তারাই বৃত্তির জন্য আবেদন ফরম পূরণ করবেন। তাছাড়া অন্যান্য শিক্ষাবর্ষের যে সকল শিক্ষার্থীরা বৃত্তির টাকা পায়নি তাদের তথ্য সংশোধন/ আপডেট-এর জন্য অফিসে যোগাযোগ করার জন্য বলা হচ্ছে।


(মোঃ মোরাদ হোসেন)
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)

স্মারক নং: বশেমুরবিপ্রবি/র/জ.প্র/৬০০/২০২৪/ ২০৬২)

তারিখ: ২৬ কার্তিক ১৪৩১
১১ নভেম্বর ২০২৪

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলোঃ

- ১। ডিন, সকল অনুষদ, বশেমুরবিপ্রবি, গোপালগঞ্জ।
- ২। সভাপতি, সকল বিভাগ, বশেমুরবিপ্রবি, গোপালগঞ্জ।
- ৩। প্রভোস্ট, সকল হল, বশেমুরবিপ্রবি, গোপালগঞ্জ।
- ৪। সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল বশেমুরবিপ্রবি শাখা, গোপালগঞ্জ, (ওয়েবসাইটে বিজ্ঞপ্তি আপলোডের অনুরোধসহ)।
- ৫। অফিস নথি।


(শরীফ শরীফুল)

সিনিয়র স্টুডেন্ট ওয়েলফেয়ার অফিসার
ছাত্র পরামর্শ ও নির্দেশনা দপ্তর